গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৩২.১৪.০৩০.১৭-২১৪ তারিখঃ ০৬-০৫-২০১৮

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রী'র প্রতিশ্রুত প্রকল্পের মার্চ ২০১৮ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যববরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে গত ১৯ এপ্রিল ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হল। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত স্ব-স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (নিকস ফন্টে হার্ড ও sajalpol@gmail.com ঠিকানায় সফট কপি) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

০৬/০৫/২০১৮

(তওহীদ আহমদ সজল)
সিনিয়র সহকারী প্রধান
ফোন-৯৫১৪২৬৬
E-mail: sajalpol@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২। সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৩। সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৪। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৬। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৭-৮। অতিরিক্ত সচিব (উন্নয়ন/বাজেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯। প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১০। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫-৬। অফিস কপি/মাস্টার কপি

সিনিয়র সিস্টেম এনালিষ্ট
- সিস্টেম এনালিষ্ট (বিআরটিসি)/ সিনিয়র প্রোগ্রামার (সওজ)
- প্রোগ্রামার (বিআরটিএ)
- সহকারী প্রোগ্রামার (ডিএমটিসিএল)
- সং মেঃ ইঞ্জিঃ (ডিটিসিএ/সওজ)
- নথি

ডাইরি নং- ......৬৫......
তারিখঃ- ......০৭।০৫।১৮...... স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি প্রকল্প

সভাপতি	:	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
তারিখঃ	:	১৯ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ
সময়	:	দুপুর ১২:০০ ঘটিকা
স্থানঃ	:	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতিঃ	:	পরিশিষ্ট-ক

১. উপস্থাপনা

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমোদনক্রমে যুগ্মপ্রধান সভায় জানান যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্প সর্বমোট ৫৯টি। প্রতিশ্রুতিসমূহের বিপরীতে ৭৪টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে ২১টি প্রকল্প সম্পন্ন এবং ১২টি আংশিক বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১৫টি প্রকল্প সম্পন্ন প্রকল্প হয়েছে এবং ৬টি আংশিক বাস্তবায়ন করা হয়েছে। পরিকল্পনা কমিশনে ২টি প্রকল্পের ডিপিপি প্রক্রিয়াধীন। পরিকল্পনা কমিশনে পিডিপিপি প্রক্রিয়াধীন ২টি প্রকল্প। ইআরডিতে পিডিপিপি প্রক্রিয়াধীন ২টি এবং ১ আংশিক প্রকল্প। সওজ অধিদপ্তরে প্রক্রিয়াধীন পিইসি সভার পর পুনর্গঠন আংশিক ১টি, অভ্যন্তরীণ যাচাই কমিটির পর পুনর্গঠন ১টি ও আংশিক ১টি, নতুন ডিপিপি প্রণয়নের কাজ চলমান আছে ২টি ও ১টি আংশিক, প্রকল্প প্রণয়নের সমীক্ষা কাজ চলছে ২টি ও আংশিক ১টি। অন্য মন্ত্রণালয়ের সাথে বাস্তবায়নাধীন ১টি। ৩টি প্রকল্প বাস্তবায়ন না করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। যে সকল প্রকল্পের কিছু কাজ অবশিষ্ট রয়েছে সেগুলোকে আংশিক বাস্তবায়িত হিসেবে গন্য করা হয়েছে।

২. প্রকল্পওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরুপঃ

ক্রম/ প্রকল্পের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১ মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের ডাটাবেইজ হালনাগাদকরণ	সভাপতি প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পগুলো বাস্তবায়নের বিষয়ে প্রধান প্রকৌশলীসহ এ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের ডাটাবেইজে হালনাগাদ অব্যাহত রাখার উপর গুরুত্বারোপ করেন। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সম্পৃক্ত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রধানমন্ত্রীর কার্যালয়ের ডাটাবেইজে হালনাগাদ অব্যাহত আছে মর্মে জানানো হয়।	(ক) এ বিভাগ সম্পৃক্ত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের ডাটাবেইজে হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে।	প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর এবং অতিরিক্ত সচিব (উন্নয়ন)/ যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২.২ রাজাপুর-নৈকাঠী-বেকুটিয়া-পিরোজপুর সড়কের (জেড-৮৭০২) ১২তম কিলোমিটার বেকুটিয়া কঁচা নদীর উপর ৮ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ	প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর জানান যে, ৮ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ শীর্ষক প্রকল্পের জন্য গত ১৬-০৪-২০১৮ তারিখে ভূমি মন্ত্রণালয় থেকে জমি অধিগ্রহণের অনুমোদন পাওয়া গেছে। তৎপ্রেক্ষিতে ভূমি অধিগ্রহণ কার্যক্রম চলছে। জমি অধিগ্রহণ দ্রুত সম্পন্ন করে প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে সভায় পরামর্শ দেয়া হয়।	জমি অধিগ্রহণ দ্রুত সম্পন্ন করে প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	
২.৩ পটুয়াখালী জেলার বাউফল উপজেলার বগা নদীর ওপর ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ	সভায় জানানো হয় যে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলার বগা নদীর ওপর নির্মিতব্য সেতু (ক্রম ৪২) ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণের লক্ষ্যে চীন সরকারের অনুদান প্রাপ্তির বিষয়ে বাংলাদেশ ও চীন সরকারের মধ্যে ১১/০৫/২০১৭ তারিখে অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়েছে। অনুদান চুক্তির কপি এ বিভাগে পাওয়া গিয়েছে। Feasibility Study এবং Detailed Design সম্পন্ন করার জন্য চীন কর্তৃপক্ষকে পত্র দেয়া হয়েছে। তৎপ্রেক্ষিতে চীন দূতাবাস হতে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে পত্রের মাধ্যমে জানানো হয়েছে যে, ধারাবাহিকভাবে ক্রমানুযায়ী ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতুর কাজ গ্রহণ করা হবে।	(২) ৯ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণের লক্ষ্যে চীন সরকারের সাথে অনুদান চুক্তি অনুযায়ী অনুদান প্রাপ্তির বিষয়ে ইআরডি'র সাথে এবং Feasibility Study ও Detailed Design সম্পন্ন করার জন্য চীন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	

২.৪ মংলা নদীর উপর ঝুলন্ত (১০ম বাংলাদেশ চীন-মৈত্রী) সেতু নির্মাণ (ক্রম ৩৭)	সভায় জানানো হয় যে, মংলা নদীর উপর ঝুলন্ত সেতু (ক্রম ৩৭) ১০ম বাংলাদেশ চীন-মৈত্রী সেতু নির্মাণের লক্ষ্যে চীন সরকারের সাথে গত ১৯/০৬/২০১৬ তারিখ MoM স্বাক্ষরিত হয়েছে। আগামী ০৫ বছর (২০১৬-২০২০) সময়ে বাস্তবায়নযোগ্য 9th, 10th, and 11th Bangladesh-China Friendship Bridge সংশ্লিষ্ট প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী ও চীন সরকারের মাননীয় বাণিজ্য মন্ত্রীর মধ্যে The Plan of Special Assistance Project's of Bridge Construction সংক্রান্ত MoU ১৪/১০/২০১৬ তারিখে স্বাক্ষরিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ১০ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু হিসেবে মংলা সেতু সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় নির্মাণের লক্ষ্যে ইআরডি হতে গত ২০/০৮/২০১৭ তারিখে চীন কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রয়েছে।	(৩) ১০ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণে চীন সরকারের অনুদান প্রাপ্তির বিষয়ে ইআরডি'র সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	
২.৫ বটিয়াঘাটা-দাকোপ মহাসড়কে ঝপঝপিয়া নদীর উপর ১১তম বাংলাদেশ চীন মৈত্রী (ঝপঝপিয়া সেতু) সেতু নির্মাণ	সভায় জানানো হয় যে, বটিয়াঘাটা-দাকোপ মহাসড়কে ঝপঝপিয়া নদীর উপর ১১তম বাংলাদেশ চীন মৈত্রী (ঝপঝপিয়া সেতু) সেতু (ক্রম ৩৮/খ) নির্মাণের লক্ষ্যে চীন সরকারের সাথে গত ১৯/০৬/২০১৬ তারিখ MoM স্বাক্ষরিত হয়েছে। আগামী ০৫ বছর (২০১৬-২০২০) সময়ে বাস্তবায়নযোগ্য 9th, 10th and 11th Bangladesh-China Friendship Bridge Construction সংশ্লিষ্ট প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সরকারের বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী ও চীন সরকারের মাননীয় বাণিজ্য মন্ত্রীর মধ্যে The Plan of Special Assistance Project's of Bridge Construction সংক্রান্ত MoU ১৪/১০/২০১৬ তারিখে স্বাক্ষরিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ১১তম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু হিসেবে ঝপঝপিয়া সেতু সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় নির্মাণের লক্ষ্যে ইআরডি হতে গত ২০/০৮/২০১৭ তারিখে চীন কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। অনুদান প্রাপ্তির বিষয়ে ইআরডি'র সাথে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে।	(৪) ১১তম বাংলাদেশ চীন মৈত্রী (ঝপঝপিয়া সেতু) সেতু নির্মাণে চীন সরকারের অনুদান প্রাপ্তির বিষয়ে ইআরডি'র সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	
২.৬ পটুয়াখালী জেলার দুমকী ও বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায় পান্ডব পায়রা নদীতে নলুয়া-বাহেরচর সেতু (ক্রম ৫০) নির্মাণ	সভায় জানানো হয় যে, পটুয়াখালী জেলার দুমকী ও বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায় পান্ডব পায়রা নদীতে নলুয়া-বাহেরচর সেতু (ক্রম ৫০) নির্মাণের লক্ষ্যে বৈদেশিক সহায়তা অনুসন্ধানের নিমিত্ত PDPP প্রণয়ন করে পরিকল্পনা কমিশনের নীতিগত অনুমোদন গ্রহণান্তে গত ০১/০৩/২০১৬ তারিখে ইআরডি'তে প্রেরণ করা হয়েছে। এছাড়া, Asian Infrastructure Investment Bank (AIIB)-এর অর্থায়নে বাস্তবায়নের জন্য ১৮/০২/২০১৬ তারিখে ইআরডিতে পত্র দেয়া হয়েছে। AIIB'র হতে অর্থ পাওয়ার বিষয়ে ইআরডি'র সাথে যোগাযোগ অব্যাহত আছে। অন্য বৈদেশিক উৎস থেকেও অর্থায়ন খোঁজ করা হচ্ছে। অর্থায়ন নিশ্চয়তা পাওয়া না গেলে জিওবি অর্থায়নে প্রকল্পটি গ্রহণের এবং ডিজাইন সম্পন্ন ডিপিপি প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	(৫) বৈদেশিক সহায়তার বিষয়ে ইআরডি'র সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। তবে অর্থায়ন নিশ্চয়তা পাওয়া না গেলে জিওবি অর্থায়নে প্রকল্পটি গ্রহণ ও দ্রুত ডিজাইন সম্পন্ন করে ডিপিপি প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	
২.৭ আশুগঞ্জ-নবীনগর সড়ক নির্মাণ (ক্রম ১৪)	সভায় জানানো হয় যে, আশুগঞ্জ-নবীনগর সড়ক নির্মাণ (ক্রম ১৪) কাজের হাইড্রোলজিক্যাল ষ্টাডি ও মরফোলজিক্যাল সার্ভে কাজসহ সেতু ডিজাইনের কাজ সম্পন্ন হয়েছে। আভ্যন্তরীণ যাচাই কমিটির সভা সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। পিইসি সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি আগামী ২ সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা দেয়া হয়।	পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি আগামী ২ সপ্তাহের দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	

২.৮ সুনামগঞ্জ-মদনপুর-দিরাই- শাল্ল্যা- আজমিরীগঞ্জ- হবিগঞ্জ আঞ্চলিক মহাসড়কের (ক্রম ২১/গ অংশের) শাল্ল্যা-জালশুকা অংশের সেতু	সভায় জানানো হয় যে, সুনামগঞ্জ-মদনপুর-দিরাই- শাল্ল্যা- আজমিরীগঞ্জ- হবিগঞ্জ আঞ্চলিক মহাসড়কের (ক্রম ২১/গ অংশের) শাল্ল্যা-জালশুকা অংশের সেতুর ডিপিপি'র ওপর ১৩/১১/২০১৬ তারিখে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। ডিপিপি'তে অন্তর্ভুক্ত ০৬টি সেতুর হাইড্রোলজি ও মরফোলজি এবং সয়েল টেস্টের কার্যক্রম সমাপ্ত হয়েছে। ০৬টি সেতুরই ডিজাইন সমাপ্ত হয়েছে। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি আগামী ২ সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।	পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি আগামী ২ সপ্তাহের দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	
২.৯ দুধকুমর নদীর ওপর একটি সেতু নির্মাণ (ক্রম-১)	সভায় জানানো হয় যে, দুধকুমর নদীর ওপর একটি সেতু নির্মাণ (ক্রম-১) এর হাইড্রোলজিক্যাল ও মরফোলজিক্যাল ষ্টাডি সম্পন্ন হয়েছে। ২৭/০৮/২০১৭ তারিখ অভ্যন্তরীণ যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিজাইন চূড়ান্তকরণের লক্ষ্যে বুয়েটের সাথে মন্ত্রণালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী সেতুটির ডিজাইন চূড়ান্ত করা হয়েছে। সে আলোকে ডিপিপি পুনর্গঠন করা হচ্ছে। পুনর্গঠিত ডিপিপি ২ সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।	পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে আগামী ২ সপ্তাহের দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	
২.১০ বগুড়া জেলা শহর থেকে জিয়াউর রহমান মেডিকেল কলেজে যাতায়াতের জন্য ১.৮৫ কিলোমিটার সড়ক নির্মাণের (ক্রম-৩)	বগুড়া জেলা শহর থেকে জিয়াউর রহমান মেডিকেল কলেজে যাতায়াতের জন্য ১.৮৫ কিলোমিটার সড়ক নির্মাণের (ক্রম-৩) অসমাপ্ত কাজ সমাপ্তকরণের লক্ষ্যে ১০৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ডিপিপি গত ২৩/০১/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। অনুমোদিত ডিপিপি অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়।	অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের কার্যক্রম শুরু করতে হবে।	
২.১১ বগুড়া জেলার ব্যবসা বাণিজ্য সম্প্রসারণের জন্য রাস্তাঘাট উন্নয়ন (ক্রম 4)	সভায় জানানো হয় যে, বগুড়া জেলার ব্যবসা বাণিজ্য সম্প্রসারণের জন্য রাস্তাঘাট উন্নয়ন (ক্রম 4) প্রকল্পের আওতায় বগুড়া সড়ক বিভাগাধীন ২টি জেলা মহাসড়ক উন্নয়ন ও প্রশস্তকরণ শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি যাচাই কমিটির সিদ্ধান্তের আলোকে পরিকল্পনা কমিশনে প্রেরণ হলে পরিকল্পনা কমিশন কর্তৃক কতিপয় পর্যবেক্ষণসহ ফেরত প্রদান করা হয়। পরিকল্পনা কমিশনের পর্যবেক্ষণের আলোকে ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পুনঃগঠিত ডিপিপি দ্রুত প্রক্রিয়াকরণের নির্দেশনা প্রদান করা হয়।	পুনঃগঠিত ডিপিপি দ্রুত প্রক্রিয়াকরণ করতে হবে।	
২.১২ বরিশাল-ফরিদপুর (বরিশাল-ভাংগা-ফরিদপুর) মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ (ক্রম ২৬)	সভায় জানানো হয় যে, বরিশাল-ফরিদপুর (বরিশাল-ভাংগা-ফরিদপুর) মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ (ক্রম ২৬) প্রকল্পের PDPP গত ০৫/০৪/২০১৬ তারিখে নীতিগত অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। পিডিপিপি অনুমোদন এবং দাতা সংস্থা হান্টিং এর বিষয়ে পরিকল্পনা কমিশন ও ইআরডি'র সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়। ফরিদপুর-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী-কুয়াকাটা পর্যন্ত জাতীয় মহাসড়ক চার লেনে উন্নীতকরণের জন্য ভূমি অধিগ্রহণ প্রকল্পের উপর পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য বলা হয়।	ক. বৈদেশিক সহায়তা প্রাপ্তির বিষয়ে সওজ অধিদপ্তর কর্তৃক ইআরডিতে কার্যকর যোগাযোগ রাখতে হবে। খ. ভূমি অধিগ্রহণের জন্য প্রক্রিয়াধীন লিংক প্রকল্পের ডিপিপি পিইসি সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	
২.১৩ বরিশাল-ভুরঘাটা মহাসড়ক উন্নয়ন	বরিশাল-ভুরঘাটা মহাসড়কের বিষয়ে সভায় জানান হয় যে, অতিবৃষ্টি, ওভারলোড ইত্যাদি কারণে রাস্তা অনেক খারাপ হয়েছিল। বর্তমানে প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে চলছে। মহাসড়কের উন্নয়ন কাজ নির্ধারিত সময়ে শেষ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়েছে (প্রকল্প সমাপ্তির নির্ধারিত তারিখ ৩০/০৬/২০১৮)। মার্চ ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৫৬.৫৪%। দ্রুত কার্যক্রম সমাপ্তির জন্য নির্দেশনা প্রদান করা হয়।	বরিশাল-ভুরঘাটা মহাসড়কের উন্নয়ন কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	

২.১৪ লক্ষ্মীপুর - শরীয়তপুর মহাসড়ক	সভায় জানানো হয় যে, মোস্তফাপুর-মাদারীপুর-ইব্রাহীমপুর-হরিণা-চাঁদপুর মহাসড়কটির শরীয়তপুর অংশের ৩৫ কিলোমিটার সংস্কারের কাজ পিএমপি এর মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। অবশিষ্ট অংশ গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (কুমিল্লা জোন) শীর্ষক চলমান প্রকল্পে অন্তর্ভুক্ত রয়েছে।	লক্ষ্মীপুর - শরীয়তপুর মহাসড়কের শরীয়তপুর-ইব্রাহীমপুর ফেরীঘাট পর্যন্ত ৩৫ কিলোমিটার অংশের মেরামত/ উন্নয়ন ত্বরান্বিত করতে হবে।	
২.১৫ সওজ অধিদপ্তরে প্রক্রিয়াধীন প্রকল্প	সওজ অধিদপ্তরে প্রক্রিয়াধীন প্রকল্পসমূহের ডিপিপি/পুনর্গঠিত ডিপিপি ২ সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।	সওজ অধিদপ্তরে প্রক্রিয়াধীন প্রকল্পসমূহের ডিপিপি/ পুনর্গঠিত ডিপিপি ২ সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	
২.১৬ পিডিপিপি	সভায় অবহিত করা হয় যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির বিপরীতে যেসব প্রকল্প গ্রহণ করা হবে সেগুলোর মধ্যে বৈদেশিক সহায়তা প্রাপ্তির জন্য ইআরডি'তে/পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন পিডিপিপি'র বিষয়ে যুগ্মপ্রধান বলেন যে, পর্যালোচনা করে দেখা গেছে ইআরডি'তে প্রেরিত পিডিপিপি'র মধ্যে দুটি পিডিপিপি'র বিষয়ে বিশেষ কোন অগ্রগতি জানা যায়নি এবং পরিকল্পনা কমিশনের নীতিগত অনুমোদনের জন্য দুটি প্রক্রিয়াধীন রয়েছে। তিনি বলেন যে, এ প্রেক্ষিতে ডি.ও পত্রের পরিবর্তে ইআরডি ও পরিকল্পনা কমিশনে ব্যবস্থা গ্রহণের জন্য দাপ্তরিক পত্র প্রেরণ করা যেতে পারে। এ বিষয়ে দ্রুত উদ্যোগ গ্রহণের এবং নতুন চাহিদার আলোকে নতুনভাবে পিডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণের জন্যও সংস্থাসমূহকে বলা হয়। এছাড়া নেত্রকোনা জেলার ভারত সীমান্ত দিয়ে সুনামগঞ্জ/সিলেট সীমান্ত সড়কাংশ এবং চট্টগ্রাম থেকে সমুদ্র উপকূল দিয়ে কক্সবাজার পর্যন্ত সড়ক নির্মাণের ফিজিবিলিটি স্ট্যাডি শুরু করার জন্যও সভায় উল্লেখ করা হয়।	(ক) ইআরডি ও পরিকল্পনা কমিশনে প্রেরিত পিডিপিপি'র বিষয়ে অগ্রগতি/ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, ইআরডি ও সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ বরাবর পত্র প্রেরণ করতে হবে। (খ) নতুন চাহিদার আলোকে নতুন পিডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। (গ) নেত্রকোনা জেলার ভারত সীমান্ত দিয়ে সুনামগঞ্জ/সিলেট সীমান্ত সড়কাংশ এবং চট্টগ্রাম থেকে সমূদ্র উপকূল দিয়ে কক্সবাজার পর্যন্ত সড়ক নির্মাণের ফিজিবিলিটি স্ট্যাডি শুরু করতে হবে।	

৩. সভাপতি প্রকল্প বাস্তবায়নে আরো আন্তরিক হতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব